# শ্রমিক ও মালিক একে অপরের পরিপূরক মন্তব্য জামায়াত আমির




জামায়াত আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

জামায়াতে ইসলামীর আমির ও সংসদের বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান শিল্প কারখানা মালিক ও শ্রমিকদের মধ্যে দূরত্ব কমিয়ে সুসম্পর্ক গড়ে তোলার আহ্বান জানিয়েছেন।

সোমবার (২ মার্চ) সন্ধ্যায় রাজধানীর ডিপ্লোমা ইঞ্জিনিয়ারস ইনস্টিটিউটে অনুষ্ঠিত ইফতার মাহফিলে তিনি এই বার্তা দেন।

ডা. শফিকুর রহমান আরও বলেন, মালিক ও শ্রমিক একে অপরের পরিপূরক, তাই তাদের মধ্যে কোনো বিরোধ থাকা উচিত নয়। তিনি সব মানুষের সমান মর্যাদা নিশ্চিত করে একটি দরদী রাষ্ট্র গঠনের গুরুত্বেও জোর দেন।

মাহফিলটি বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের উদ্যোগে শ্রমিক নেতা ও বিশিষ্ট ব্যক্তিদের সম্মানে আয়োজন করা হয়।

LENS ASIA